



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের  
নিয়ন্ত্রক-এর কার্যালয়  
সাইবার নিরাপত্তা ও সমন্বয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.cca.gov.bd

AC (ICT)  
৩০/০১/২৩  
১০৮  
২০২

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪

তারিখ: ৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা ও উপজেলা কমিটির কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সূত্র: ক): মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন- জেলা কমিটি।

খ): মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন- উপজেলা  
কমিটি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাইবার অপরাধ প্রতিরোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জেলা কমিটি ও উপজেলা কমিটির প্রজ্ঞাপন জারি করা হয়। কিন্তু জেলা কমিটি ও উপজেলা কমিটির (কপি সংযুক্ত) কোনো কার্যক্রমের অগ্রগতি অদ্যাবধি পাওয়া যায়নি। সাইবার নিরাপত্তা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে জেলা/উপজেলা কমিটির সভা সময়মত আয়োজন করা প্রয়োজন।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জেলা/উপজেলা কমিটির সভা আয়োজন ও তার অগ্রগতি প্রতিবেদন এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কমিটির প্রজ্ঞাপন।

২১-০১-২০২৩

শাহিনা পারভীন

উপ-নিয়ন্ত্রক (উপসচিব), সিসিএ কার্যালয় ও  
সদস্য সচিব, সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি

৮৮০২৮১৮১৭১৩

shahina.parven@cca.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল) এবং
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ /১ (২)

তারিখ: ৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা [মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।



২১-০১-২০২৩

শাহিনা পারভীন

উপ-নিয়ন্ত্রক (উপসচিব)

সকল সংযুক্তিসমূহ:

- (১) জেলা কমিটি.PDF
- (২) উপজেলা কমিটি.PDF



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
সংস্থা-১ শাখা  
www.ictd.gov.bd



নম্বর: ৫৬.০০.০০০০.০৫৪.১৮.০০২.১৯.১৬৯

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯

২০ সেপ্টেম্বর ২০২২

প্রজ্ঞাপন

রূপকল্প-২০৪১ এর সফল বাস্তবায়ন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে নিম্নরূপে জেলা কমিটি গঠন করা হলো:

ক্র.সং.	কমিটির সদস্য	পদবি
১	জেলা প্রশাসক	সভাপতি
২	পুলিশ সুপার, পুলিশ	সদস্য
৩	অধ্যক্ষ, জেলা সরকারী কলেজ	সদস্য
৪	কোম্পানি কমান্ডার, র্যাব (জেলা ক্যাম্প)	সদস্য
৫	সিভিল সার্জন	সদস্য
৬	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৭	উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
৮	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	সদস্য
৯	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা	সদস্য
১০	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটি	সদস্য
১১	মনোবিজ্ঞানী/সরকারী কলেজের মনোবিজ্ঞান বিভাগের প্রধান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) [প্রাপ্তি সাপেক্ষে]	সদস্য
১২	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
১৩	সভাপতি, জেলা প্রেস ক্লাব	সদস্য
১৪	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (জেলা)	সদস্য
১৫	অধ্যক্ষ, জেলা মহিলা কলেজ	সদস্য
১৬	সাইবার অপরাধ নিয়ে কাজ করেন এমন আইনজীবী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) [প্রাপ্তি সাপেক্ষে]	সদস্য
১৭	পাবলিক প্রসিকিউটর	সদস্য
১৮	সভাপতি, জেলা শিক্ষক কমিটি	সদস্য
১৯	প্রধান শিক্ষক, জেলা স্কুল	সদস্য
২০	প্রধান শিক্ষক, জেলা বালিকা উচ্চ-বিদ্যালয়	সদস্য

১১	প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান, জেলা আলিয়া মাদরাসা/কওমী মাদ্রাসা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১২	জেলা লিগ্যাল এইড কর্মকর্তা	সদস্য
১৩	কিশোর-কিশোরীদের নিয়ে কাজ করে এমন দুটি এনজিও এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৪	জেলা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান / ইমাম সমিতির প্রতিনিধি	সদস্য
১৫	কন্যাকথা পোর্টালে দায়িত্বপ্রাপ্ত জেলা এ্যাসোসেড-২ জন	সদস্য
১৬	জেলা প্রতিনিধি, সাইবার টিনস (প্রাপ্তি সাপেক্ষে)	সদস্য
১৭	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	সদস্য-সচিব

#### কমিটির কার্যপরিধি:

- ক) স্কুল-কলেজের কিশোর-কিশোরীদের মধ্যে সাইবার বিষয় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা/সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।
- খ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা।
- গ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল শিকারগ্রস্থের সাথে সরাসরি যোগাযোগ রক্ষা করা ও প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করা।
- ঘ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল এর শিকার কিশোর-কিশোরীদের স্বাভাবিক জীবনযাপন এর জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ঙ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধ ও সহায়তা সংক্রান্ত যেকোন কার্যক্রম পরিচালনা করা।
- চ) কমিটি প্রতি মাসে কমপক্ষে একটি সভা আয়োজন করবে তবে বিশেষ অবস্থায় জরুরি সভা আয়োজন করা যাবে।
- ছ) কমিটি স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করবে এবং তা বাস্তবায়ন করবে।
- জ) কমিটি প্রতিমাসের সভায় কর্মপরিকল্পনার অগ্রগতি মূল্যায়ন করে পরবর্তী করণীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং একই সাথে উপজেলা কমিটির কার্যক্রম পরিবীক্ষণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২০-৯-২০২২

এস. এম. শফিক

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০২৪০২৮

ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১৫৬৫

ইমেইল: s.safiq@ictd.gov.bd